| D ইউনিট (জীববিজ্ঞান অনুষদ) | | |
|---|---|---|
| উদ্ভিদবিজ্ঞান | জীববিজ্ঞানে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| প্রাণিবিদ্যা | জীববিজ্ঞানে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| ফার্মেসী | রসায়ন ও জীববিদ্যায় পৃথকভাবে ন্যূনতম A গ্রেড এবং পদার্থবিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে A+ গ্রেড | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| মাইক্রোবায়োলজি | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | রসায়ন, পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান এবং গণিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। |
| পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স | রসায়ন, জীববিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড | - |
| E ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ) | | |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং, মার্কেটিং, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস ও ম্যানেজমেন্ট স্টাডিজ | (ক) ব্যবসায় শিক্ষা/মানবিক/অন্যান্য শাখা: ইংরেজি এবং গণিত/অর্থনীতি/হিসাববিজ্ঞান/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ফিন্যান্স, ব্যাংকিং ও বীমায় ন্যূনতম A- (মাইনাস) গ্রেড<br>(খ) বিজ্ঞান শাখা: গণিত/পরিসংখ্যানে ন্যূনতম A গ্রেড এবং ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড | - |
| ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জেইউ | | |
| আইবিএ-জেইউ | (ক) বিজ্ঞান শাখা: ইংরেজি এবং উচ্চতর গণিত/পরিসংখ্যানে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড | - |
| | (খ) ব্যবসায় শিক্ষা/মানবিক/অন্যান্য শাখা: ইংরেজি এবং হিসাববিজ্ঞান/অর্থনীতি/গণিত/পরিসংখ্যান/ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ফিন্যান্স, ব্যাংকিং ও বীমায় পৃথকভাবে ন্যূনতম A গ্রেড | - |

২. ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মানুযায়ী অনুষ্ঠিত হবে :

ক. MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। Optical Mark Reader (OMR) পদ্ধতিতে উত্তরপত্র মূল্যায়ন করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২০ (শূন্য দশমিক দুই শূন্য) নম্বর কাটা যাবে।

খ. ভর্তি পরীক্ষার নম্বর ও সময় :
সকল ইউনিটে ৮০ নম্বরের MCQ পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৫৫ মিনিট। তবে OMR পূরণের জন্য আলাদাভাবে ৫ মিনিট সময় দেয়া হবে।

গ. ভর্তি পরীক্ষা শেষ হওয়ার সর্বোচ্চ ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিস ফল প্রকাশ করবে। ভর্তি পরীক্ষার ফল ওয়েবসাইটে ju-admission.org এবং ইউনিট অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। সংবাদপত্রে ফল প্রকাশ করা হবে না।

ঘ. সকল ইউনিটের জন্য MCQ পরীক্ষার পাশ নম্বর ন্যূনতম ৩৫%।

ঙ. ভর্তি পরীক্ষার উত্তরপত্রে (OMR শিট) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও অন্যান্য ঘরে ইংরেজিতে লিখতে হবে এবং সে অনুযায়ী বৃত্ত ভরাট করতে হবে। OMR শিট (উত্তরপত্র)-এর নিচে নির্ধারিত স্থানে নির্দেশনা মোতাবেক একটি বাংলা এবং একটি ইংরেজি বাক্য লিখতে হবে।

চ. পরীক্ষার প্রশ্নপত্র ইংরেজিতে চাইলে আবেদনকারীকে আবেদনের সময় প্রশ্নপত্রের ভাষা "ইংরেজি" নির্বাচন করতে হবে এবং তাদের পরীক্ষা ইউনিট কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

